30 DEC 2016

দৈনিক
ইত্তেফাক

# বেলকুচিতে মাদ্রাসা শিক্ষাবোর্ডের মাধ্যমিকের চোরাই বইসহ আটক ৩

■ **বেলকুচি (সিরাজগঞ্জ) প্রতিনিধি**

সিরাজগঞ্জের বেলকুচিতে মাদ্রাসা শিক্ষাবোর্ডের মাধ্যমিকের চোরাই বইসহ তিন জনকে আটক করেছে পুলিশ। আটককৃতরা হলেন উপজেলার চালা আদালত পাড়া এলাকার আব্দুল্লাহ মিয়ার ছেলে কাউছার মিয়া (৩০), জিধুরী গ্রামের মৃত গফুর আলীর ছেলে রেজাউল করিম গিয়াস (২৮) ও চালা গ্রামের মৃত বশির উদ্দিনের ছেলে নুরুল ইসলাম (২৯)। এসময় তাদের কাছে থেকে মাদ্রাসা শিক্ষাবোর্ডের মাধ্যমিকের চুরি যাওয়া এক হাজার এক শত নতুন বইয়ের মধ্যে দুই শতাধিক বই উদ্ধার করা হয়েছে। বাকি বই উদ্ধারের জন্য পুলিশ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

বেলকুচি থানা অফিসার ইনচার্জ সাজ্জাদ হোসেন জানান, বুধবার রাতে বই চুরির ঘটনার সাথে জড়িত কাউছার ও রেজাউলকে আটক করা হয়। তাদের দেয়া তথ্যের ভিত্তিতে বৃস্পতিবার দুপুরে ভাঙারি মালের ব্যবসায়ী ও বই চুরি সাথে জড়িত নুরুল ইসলামের কাছে থেকে দুই শতাধিক বই উদ্ধার ও তাকে আটক করা হয়েছে। গত ২৫ ডিসেম্বর রাতের কোনো এক সময় উপজেলা শিক্ষা অফিসের গোডাউন থেকে মাদ্রাসা শিক্ষাবোর্ডের ৮ম ও ৯ম শ্রেণির এক হাজার এক শত বই চুরি হয়।